

20th Meeting of the SCO Council of Heads of Government (November 25, 2021)

November 25, 2021

সরকার প্রধানদের এসসিও পরিষদের 20 তম বৈঠক (নভেম্বর 25, 2021)

নভেম্বর 25, 2021

সরকার প্রধানদের (সিএইচজি) এসসিও পরিষদের 20 তম বৈঠক কাজাখাস্তানের পৌরোহিত্যে 25শে নভেম্বর 2021 তারিখে ভিডিও কনফারেনসিং-এর মাধ্যমে নুর-সুলতানে অনুষ্ঠিত হয়েছে। বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শংকর বৈঠকে ভারতের প্রতিনিধিত্ব করেছেন।

এসসিও সিএইচজে বৈঠকে এসসিও সদস্য দেশের নেতৃবৃন্দ, পর্যবেক্ষক দেশগুলি, এসসিও-র মহা সচিব, এসসিও রিজিওনাল অ্যান্ডি - টেরিস্ট স্ট্রাকচার (আরএটিএস)-এর নির্বাহী নির্দেশক, তুর্কমেনিস্তান এবং অন্যান্য আমন্ত্রিত অতিথিরাও যোগদান করেছিলেন।

বিদেশ মন্ত্রী তার ভাষণে এসসিও অঞ্চলে ভারতের দৃঢ় সাংস্কৃতিক এবং ঐতিহাসিক যোগাযোগের কথার উপরে রেখাপাত করেছেন ও জলবায়ু পরিবর্তন, সুরক্ষা, বাণিজ্য ও সংস্কৃতির ক্ষেত্রে বহুমুখী সহযোগিতাকে গভীরতর করার প্রতি ভারতের দৃঢ় অবদানের কথা পুনরায় ব্যক্ত করেছেন।

বিদেশ মন্ত্রী চলতে থাকা কোভিড-19 অতিমারির প্রভাব থেকে উদ্ধৃত চ্যালেঞ্জের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন এবং সেগুলি প্রশমনে ভারতের উদ্যোগের কথার উপরে রেখাপাত করেছেন। বর্তমান বাস্তবকে প্রতিফলিত করার জন্য সংশোধিত এবং উদ্দীপিত বহুপাক্ষিকতার প্রয়োজনীয়তার কথাও তিনি বলেছেন।

বৈঠকের শেষে সরকার প্রধানদের এসসিও-র একটি যৌথ যোগাযোগ ব্যবস্থা এবং অন্যান্য সিদ্ধান্ত গৃহীত হয়।

নিউ দিল্লি

নভেম্বর 25, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.